# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 05-06-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য বিধানসভার অধিবেশন শুরুর আগে আজ সর্বদলীয় বৈঠক বসছে।

২) নদীয়ার কালিগঞ্জ বিধানসভা আসনে উপনির্বাচনে প্রার্থী পদ প্রত্যাহারের আজই শেষদিন।

৩) বিশ্ব পরিবেশ দিবসে আজ রাজ্যজুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এবছর দিনটি পালনের মূল ভাবনা প্ল্যাস্টিক দূষণ রোধ।

৪) রাজ্যে সেমি কান্ডাক্টার কারখানা তৈরির জন্য একটি মার্কিন সংস্থাকে রাজ্য সরকার জমি দিয়েছে।

৫) উত্তরবঙ্গে টানা ভারী বৃষ্টিতে বন্যা পরিস্থিতি তৈরির আশঙ্কায় একটি বিশেষ দল গঠন করেছে রাজ্য সরকার।

৬) ঘূর্ণাবর্তের জেরে আজও উত্তরবঙ্গের কয়েকটি জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

oooooooooooooooooooooooooooooooo

রাজ্য বিধানসভার অধিবেশন শুরুর আগে আজ সর্বদলীয় বৈঠক বসছে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়-এর পৌরহিত্যে দুপুরে এই বৈঠকে উপস্থিত থাকার জন্য ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেস এবং বিজেপি ও ISF-কে আমন্ত্রণ জানানো হয়েছে। বৈঠকের পর অধিবেশনের কার্যসূচী নিয়ে কার্য উপদেষ্টা কমিটির একটি বৈঠক বসবে।

উল্লেখ্য, রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হচ্ছে এ'মাসের ৯'তারিখ। বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিল, অধিবেশনে আসতে পারে বলে মনে করা হচ্ছে।

সংসদের বাদল অধিবেশন জুলাই মাসের ২১ তারিখ শুরু হবে। নতুন দিল্লিতে গতকাল সাংবাদিকদের সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু জানান, ১২-ই আগস্ট পর্যন্ত অধিবেশন চলবে।

ooooooooooooooooooooooooooooooo

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা আসনে উপনির্বাচনে প্রার্থী পদ প্রত্যাহারের আজই শেষদিন। আগামী ১৯-শে জুন ওই কেন্দ্রে ভোট নেওয়া হবে, গণনা ২৩-শে জুন। এদিকে উপ-নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে তিনজন পর্যবেক্ষক নিয়োগ করেছে নির্বাচন কমিশন। সাধারণ পর্যবেক্ষক হিসেবে IAS শেষমণি পান্ডে, পুলিশ পর্যবেক্ষক হিসেবে ভূপেন্দ্র সাহু এবং নির্বাচনী ব্যয় পর্যবেক্ষক হিসেবে ডক্টর শশাঙ্ক ওঝা নিযুক্ত হয়েছেন।

উল্লেখ্য, তৃণমূল কংগ্রেস বিধায়ক নাসিরুদ্দিন আহমেদের মৃত্যুতে আসনটি শূন্য হয়।

oooooooooooooooooooooooooooooo

কেন্দ্রীয় সরকার ২০২৭ সালে দুই পর্বে জনগণনা করার সিদ্ধান্ত নিয়েছে, পাশাপাশি জাতি গণনা করাও হবে। ২০২৭ সালের পয়লা মার্চকে ভিত্তি বর্ষ ধরে এই গণনার কাজ চালানো হবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক একটি বিবৃতিতে জানিয়েছে যে, লাদাখ এবং জম্মু ও কাশ্মীর, হিমাচল প্রদেশ এবং উত্তরাখণ্ডের বরফাবৃত এলাকাগুলোর জন্য ভিত্তি বর্ষ হবে ২০২৬ সালের পয়লা অক্টোবর। এই সংক্রান্ত বিজ্ঞপ্তি মাসের এ মাসের ১৬ তারিখে সরকারি গেজেটে প্রকাশিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

সর্বশেষ জনগণনা ২০১১ সালে দুটি পর্বে সম্পন্ন হয়েছিল। প্রথম পর্বে বাড়ির তালিকা এবং দ্বিতীয় পর্বে জনসংখ্যা গণনা করা হয়েছিল। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, ২০২১ সালে জনগণনার কথা থাকেলেও, কোভিডের কারণে তা সম্পন্ন করা যায়নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বিশ্ব পরিবেশ দিবস। এবছর দিনটি পালনের মূল ভাবনা প্ল্যাস্টিক দূষণ রোধ। পরিবেশ সচেতনতা বাড়াতে রাজ্যজুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

(একটি প্রতিবেদন-ভিসি)

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উদ্যোগে নিউটাউনের বিশ্ববাংলা কনভেনশন সেন্টারে বই প্রকাশ ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে। সংস্কৃতি মন্ত্রকের অধীন বিড়লা কারিগরি ও শিল্প সংগ্রহশালায় ছাত্র-ছাত্রীদের নিয়ে রয়েছে দিনব্যাপী কর্মসূচি। কলকাতা পুরসভা ও দুটি অসরকারি সংগঠনের যৌথ উদ্যোগে আজ দুপুরে টাউন হলে এক অনুষ্ঠানে কলকাতা ক্লাইমেট একশন প্লানের সূচনা করবেন মেয়র ফিরহাদ হাকিম। এছাড়াও স্বেচ্ছাসেবী বহু সংগঠনের উদ্যোগে বৃক্ষরোপণ, গাছের চারা বিতরণ ও পথনাটিকারও আয়োজন করা হয়েছে।

পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ, বিগার্ডেন বিজ্ঞানচক্রের পক্ষ থেকে আজ হাওড়ার দানেশ শেখলেন বাস স্ট্যান্ডে পথসভা ও গাছে রাখি পরানোর অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

oooooooooooooooooooooooooooooo

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দবোস, রাজ্যবাসীকে পরিবেশ রক্ষা এবং সংরক্ষণের গুরুত্ব সম্পর্কে সচেতন থাকার আহ্বান জানিয়েছেন। এক বার্তায় তিনি বলেন, প্রকৃতি ভোগের বস্তু নয়, বরং অতীতের উত্তরাধিকার এবং ভবিষ্যত প্রজন্মের জন্য এক অমূল্য সম্পদ। তিনি জীব বৈচিত্র্য সংরক্ষণ ও সুরক্ষায় অঙ্গীকারবদ্ধ হওয়ার আহ্বান জানান।

oooooooooooooooooooooooooooooo

বিশ্বের আধুনিক প্রযুক্তির সঙ্গে পাল্লা দিয়ে সেমিকন্ডাক্টর শিল্পের উন্নয়নে রাজ্য সরকার, একটি মার্কিন সংস্থাকে জায়গা দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল নবান্নে এই নিয়ে কলকাতায় নিযুক্ত মার্কিন কনসাল জেনারেল ক্যাথি গিলেজ দিয়াজের সঙ্গে বৈঠক করেন। সেখানে সেমিকন্ডাক্টর শিল্পের জন্যে ওই সংস্থাকে সল্টলেকের সেক্টর ফাইভে সফটওয়্যার টেকনোলজি পার্কে ১৩ হাজার বর্গফুট জমি দেওয়ার ব্যাপারে কথা হয়। এছাড়াও আরও ১৯ হাজার বর্গফুট জমি চেয়ে আবেদন জানানো হয়েছে বলে সরকারি বিবৃতিতে জানা গেছে। সংস্থাটি একটি পাওয়ার ইলেকট্রনিক্স ইকো সিস্টেম তৈরিতেও আগ্রহ প্রকাশ করেছে।

oooooooooooooooooooooooooooooo

উত্তরবঙ্গে টানা ভারী বৃষ্টিতে বন্যা পরিস্থিতি তৈরির আশঙ্কায় দুর্যোগ মোকাবিলার জন্য একটি বিশেষ দল গঠন করেছে রাজ্য সরকার। নবান্ন সূত্রে খবর, উন্নয়ন দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিব দুষ্মন্ত নারীয়ালার নেতৃত্বে এই দলে বিভিন্ন দপ্তরের সচিব এবং ইঞ্জিনিয়ারদের রাখা হয়েছে। এই প্রতিনিধি দলের মূল কাজ হবে বিপর্যস্ত এলাকায় সব

দপ্তরের সঙ্গে সমন্বয় রেখে বিপদগ্রস্ত মানুষদের আশ্রয় শিবিরে সরিয়ে আনা ও ত্রাণ বিলি ঠিক মতো হচ্ছে কিনা তা দেখা । ক্ষয়ক্ষতির পরিমাণ খতিয়ে দেখে রিপোর্ট তৈরি করবেন তাঁরা।

দলে রয়েছেন কৃষি ও কৃষি বিপণন দপ্তরের সচিব ওঙ্কার সিং মিনা, স্বাস্থ্য দপ্তরের বিভাগীয় সচিব শুভঞ্জন দাস, পঞ্চায়েত দপ্তরের সচিব পি উলগানাথন ও রাজ্য বিদ্যুৎ পর্ষদের অধিকর্তা অভিজিৎ কুমার লাটুয়া। এছাড়া, জনস্বাস্থ্য, কারিগরি ও সেচ দপ্তরের তিন চিফ ইঞ্জিনিয়ারও রয়েছেন দলে ।

oooooooooooooooooooooooooooo

এদিকে, লাগাতার বৃষ্টির জেরে উত্তরবঙ্গের নদীগুলির জলস্তর বেড়েছে। ধ্বসের জন্য তিস্তার জলে পলি ভেসে আসায় শিলিগুড়িতে জল সরবরাহ ব্যবস্থা ব্যাহত হচ্ছে। গতকাল সেচমন্ত্রী মানস ভুঁইয়া মহানন্দা ও বালাসন নদী এলাকা পরিদর্শনের পর সেচ বিভাগের আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। তিনি অভিযোগ করেন ভূটান-সিকিমের বৃষ্টি ও নদীর জল সম্পর্কিত তথ্য যাতে বাংলা পায়, সেব্যাপারে মুখ্যমন্ত্রী বারবার কেন্দ্রকে চিঠি দিলেও কোন সুরাহা হয়নি।

oooooooooooooooooooooooooooo

ঘূর্ণবর্তের জেরে আজও উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, আলিপুরদুয়ার এবং উত্তর দিনাজপুরে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

দক্ষিণবঙ্গের কলকাতা সহ বেশ কিছু জেলায় বিক্ষিপ্ত ভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি এবং দমকা হাওয়া বয়ে যেতে পারে বলে আকাশবাণীকে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস।

( বাইট- হাবিবুর )

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুশাসন, সেবা ও দরিদ্র কল্যাণের নীতিকে পাথেয় করে এক দশকে ভারত এক অসাধারণ রূপান্তরে সাক্ষী হয়েছে। আকাশবাণী সংবাদ–এর বিশেষ প্রতিবেদনে আজ গত **১১** বছরে সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ খাতে নেওয়া উদ্যোগের কথা তুলে ধরা হচ্ছে। আজকের বিষয় — ক্রীড়া, যা ভারতের অমৃত পীঢ়ি—অর্থাৎ নব প্রজন্মের ক্ষমতায়নের মূল চাবিকাঠি। একটি প্রতিবেদন-

(ভয়েসকাস্ট – অভিজিত)

ভারত আজ নতুনপ্রজন্মকে লেখা পড়া শেখানোর পাশাপাশি তাদের স্বপ্ন দেখতে উৎসাহিত করছে। সময়ের সঙ্গে তাল মিলিয়ে দ্রুত ছুটতে এবং কোনো পরিস্থিতিতেই তাদের গতি যাতে রুদ্ধ না হয় সেই বিষয়টিও শেখানো হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশ থেকে ভারতে অনুপ্রবেশ ঠেকাতে গিয়ে মুর্শিদাবাদ সীমান্তে এক BSF জওয়ানকে অপহরণের অভিযোগ বাংলাদেশের দুষ্কৃতীদের বিরুদ্ধে। তবে দীর্ঘক্ষণ ফ্ল্যাগ মিটিং-এর পর তাঁকে ভারতে ফিরিয়ে দেওয়া হয়েছে। যদিও জওয়ানের কাছ থেকে ছিনতাই হওয়া আগ্নেয়াস্ত্রটি উদ্ধার হয়েছে কিনা, সেই বিষয়ে নিশ্চিতভাবে কিছু জানা যায়নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আলিপুর বডিগার্ড লাইনসের একটি ঘর থেকে গতকাল এক পুলিশ কর্মীর ঝুলন্ত দেহ উদ্ধার হয়েছে।

দেহটি পুরুলিয়ার মানবাজারের বাসিন্দা পুলিশের ASI সুখলাল মুর্মুর বলে জানা গেছে। গত ২৬শে মে থেকে তিনি নিখোঁজ ছিলেন। একটি সুসাইড নোট'ও উদ্ধার হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিষের স্বাদ কেমন তা জানতে বাড়িতে রাখা কীটনাশক খেয়ে মুর্শিদাবাদের বড়ঞা থানার সুন্দরপুর গ্রামের বাসিন্দা এক কিশোরের মৃত্যু হয়েছে। মৃতের পরিবার সূত্রে খবর নিতাই বাগদি নামে বছর পনেরোর ওই স্কুল পড়ুয়া বেশ কিছুদিন ধরে কৌতুহলবশত লুকিয়ে কীটনাশক খাচ্ছিলো। গত শুক্রবার বেশি পরিমান কীটনাশক খেয়ে নিয়ে বিষয়টি বাড়ির লোকের নজরে আসে। গুরুতর অসুস্থ অবস্থায় তাকে প্রথমে কান্দি হাসপাতালে পরে অবস্থার অবনতি হওয়ায় বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়। সেখানেই গত মঙ্গলবার রাতে তার মৃত্যু হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০